২২/৮/২০০৭

যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ১৩ কলাম ... ৬.....

# ঢাবি বন্ধ করা হবে না : সিন্ডিকেটের সভায় সিদ্ধান্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ছাত্রলীগ নেতা ফিরোজ হত্যাকাণ্ডকে কেন্দ্র করে ছাত্রদলের ডাকা লাগাতার ধর্মঘটে গত চারদিন অচল হয়ে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এ পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করা হবে কি না- এ নিয়ে সর্বোচ্চ নীতি-নির্ধারণী পরিষদ সিন্ডিকেটের শিক্ষকরা দ্বিধাবিভক্ত হয়ে পড়লেও শেষ পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ না করার সিদ্ধান্ত হয়েছে। বিএনপিপন্থী সিন্ডিকেট সদস্যরা বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিতে বলেছেন। আওয়ামী লীগপন্থী সিন্ডিকেট সদস্যরা তা চাইছেন না। নির্বাচনী

ঢাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

## ঢাবি : সিন্ডিকেট

(শেষ পৃষ্ঠার পর)

তফসিল ঘোষণার কারণে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ধীরে ধীরে শান্ত হবে বলে তারা আশাবাদী। সোমবার অনুষ্ঠিত সিন্ডিকেট জরুরি সভা সূত্রে একথা জানা গেছে। এদিকে ক্যাম্পাসে গতকাল পৃথক কর্মসূচি পালনকালে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে মৃদু উত্তেজনার সৃষ্টি হলেও উভয় সংগঠনের নেতৃবৃন্দের হস্তক্ষেপে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

এদিকে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি পর্যালোচনার জন্য সোমবার প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরি সভায় সাদা দলপন্থী শিক্ষকরা বিশ্ববিদ্যালয় বন্ধ করার পক্ষে মতামত দিয়ে বলেন, 'যেহেতু ক্লাস পরীক্ষা কিছুই অনুষ্ঠিত হচ্ছে না, তাই হলগুলো কিছুদিনের জন্য খালি করে আবার বৈধ ছাত্রদের হলে তুললেই সমস্যার সমাধান হতে পারে।' অপরদিকে নীল দলের শিক্ষকরা শুধু পরীক্ষা বন্ধের প্রতি যুক্তি দেখিয়ে বলেন, 'বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হলে আন্দোলনরত ছাত্র সংগঠনগুলোর কাছে নতিস্বীকার করা হবে।'